



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং - ক/অ/৫৪(০৩)/৯২৬

তারিখ: ২২/১১/২০১৭

বিষয় : “জনাব মো: শহীদুল ইসলাম” অফিস সহায়ক এর সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহার পূর্বক সমুদয় প্রাপ্য বেতন-ভাতাদি প্রদান সংক্রান্ত।

সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের ০৬-০৮-২০১৭ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫-৬৯৪ নং স্মারক পত্র।
খ) মাউশি, ঢাকা এর ৩১-০৭-২০১৭ খ্রি. তারিখের ৭জি-৩৫১(ক-৩)/০৬/৩৯৯৮/৭ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার কেশবপুর উপজেলাধীন “হাজী আব্দুল মোতালেব মহিলা ডিগ্রি কলেজ” এর সাময়িক বরখাস্তকৃত অফিস সহায়ক জনাব মো: শহীদুল ইসলাম এর বরখাস্তাদেশ বিধিসম্মত না হওয়ায় তার বরখাস্তের আদেশ প্রত্যাহার করে বেতন-ভাতা প্রদানের জন্য মাউশি, ঢাকা এর গত ৩১-০৭-২০১৭ খ্রি. তারিখের ৭জি-৩৫১(ক-৩)/০৬/৩৯৯৮/৭ নং স্মারক পত্রে কলেজ কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদান করে। উক্ত স্মারকপত্রের আলোকে বর্ণিত কলেজের বরখাস্তকৃত অফিস সহায়ক জনাব মোঃ শহীদুল ইসলাম এ বোর্ডে আবেদন করলে গত ২১-০৮-২০১৭ খ্রি. তারিখে ক/অ/৫৪(০৩)/৬২৫ এবং ১৯-১০-২০১৭ খ্রি. তারিখের ক/অ/৫৪(০৩)/৭৪৪ নং স্মারক পত্রে জনাব মোঃ শহীদুল ইসলামের বরখাস্তাদেশ প্রত্যাহার করে তাকে বিধি মোতাবেক বেতন-ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বলা হয়। কিন্তু কলেজ কর্তৃপক্ষ অদ্যাবধি মাউশি, ঢাকা ও শিক্ষা বোর্ডের আদেশ বাস্তবায়ন করেনি। অন্যদিকে ভুক্তভোগি অফিস সহায়ক উদ্ভূত সমস্যা হতে প্রতিকার পাওয়ার জন্য বোর্ডে পুনরায় আবেদন করেছেন।

বর্ণিত অবস্থার প্রেক্ষিতে, যশোর জেলার কেশবপুর উপজেলাধীন “হাজী আব্দুল মোতালেব মহিলা ডিগ্রি কলেজ” এর বরখাস্তকৃত অফিস সহায়ক জনাব মোঃ শহীদুল ইসলাম এর চাকুরীতে পুনর্বহালসহ তার বেতন-ভাতা প্রদানের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

(প্রফেসর মোহাম্মদ আব্দুল আলীম)
চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

ফোন : ০৪২১-৬৮৬৫০

e-mail:chairman@jessoreboard.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

২২/১১/১৭